

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪২৩৫

শান্তিরবাজার, ১৫ ডিসেম্বর, ২০২৩

বিকশিত ভারত সংকল্প যাত্রা
শান্তিরবাজার পুর পরিষদে বিকাশ শিবির

বিকশিত ভারত সংকল্প যাত্রা এবং প্রতি ঘরে সুশাসন ২.০ অভিযানে গতকাল শান্তিরবাজার পুর পরিষদ কার্যালয়ে বিকাশ শিবির অনুষ্ঠিত হয়। সমবায় মন্ত্রী শুভ্রাচরণ নোয়াতিয়া পুর পরিষদের মিলনায়তনে এই শিবিরের উদ্বোধন করেন। শান্তিরবাজার পুর পরিষদের চেয়ারপার্সন স্বপ্না বৈদ্য, ভাইস চেয়ারপার্সন সত্যরত সাহা, শান্তিরবাজার মহকুমার মহকুমা শাসক অভেদানন্দ বৈদ্য প্রমুখ উপস্থিতি ছিলেন। শিবিরে উদ্বোধকের ভাষণে সমবায় মন্ত্রী শুভ্রাচরণ নোয়াতিয়া বলেন, বিকশিত ভারত সংকল্প যাত্রার মাধ্যমে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি দেশের প্রত্যেক নাগরিক যাতে সরকারি প্রকল্পের সুবিধা সম্পর্কে জানতে পারেন তার প্রয়াস নিয়েছেন। রাজ্য সরকারও সে দিশায় কাজ করছে। শিবিরে ১০টি পিআরআরটিসি, ১০টি ওবিসি, ৫টি এসসি, ২টি ইনকাম, ৫টি ম্যারেজ সার্টিফিকেটের জন্য আবেদনপত্র গ্রহণ করা হয়। স্বাস্থ্য দপ্তর থেকে ১৫ জনের স্বাস্থ্য পরীক্ষা করে বিনামূল্যে ঔষধ দেওয়া হয়। কৃষি ও কৃষক কল্যাণ দপ্তর থেকে ২০০ জনের মধ্যে নানা জাতের সজ্জি চারা বিলি করা হয়। মৎস্যদপ্তর থেকে ১০ জনের পুরুরের জল পরীক্ষা করা হয়।
